



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/24/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল শিকারি, ছিপ দিয়ে মৎসশিকারি এবং প্রকৃতি প্রেমীদের জন্য নতুন 'প্রকৃতিতে একটি অ্যাডভেঞ্চারের জন্য আপনার টিকা নিন' টিকা প্রণোদনা সুইপস্টেকস চালু করলেন

**1 ডিসেম্বর থেকে বছরের শেষ পর্যন্ত প্রথম ডোজ টিকা গ্রহণকারী প্রথম 2,000 নিউ ইয়র্কবাসী লটারির জন্য নাম লেখানোর যোগ্য হবে।**

**প্রথম পুরস্কারে থাকবে আজীবন মাছ ধরা এবং তীর দ্বারা শিকারের লাইসেন্স এবং ডিলাক্স সরঞ্জাম**

**নাম লেখানো সকলে পাবে DEC-র কনজার্ভেশনিস্ট ম্যাগাজিনের সাবস্ক্রিপশন এবং একটি গাছের চারা**

গভর্নর ক্যাথি হোকল আজকে আপস্টেট ড্রাইভ টাইম রেডিওতে যেসব নিউ ইয়র্কবাসী দারুণ প্রকৃতিকে উপভোগ করে তাদের মধ্যে টিকা গ্রহণের হার বৃদ্ধির জন্য একটি নতুন টিকা প্রণোদনা ঘোষণা করলেন। 1 ডিসেম্বর থেকে বছরের শেষ পর্যন্ত, প্রথম ডোজ টিকা গ্রহণকারী সকলে 'প্রকৃতিতে একটি অ্যাডভেঞ্চারের জন্য আপনার টিকা নিন (Take Your Shot for an Outdoor Adventure)' সুইপস্টেকসে নাম লেখাতে পারবে এবং লটারির মাধ্যমে ছিপ দ্বারা মৎসশিকারি, শিকারি এবং অন্যান্য প্রকৃতি প্রেমীদের কথা মাথায় রেখে বানানো বিশেষ পুরস্কার প্যাকেজ জেতার সুযোগ পাবে।

"নিউ ইয়র্ক স্টেট এর প্রাকৃতিক রত্ন ও সমৃদ্ধ ক্রীড়া ঐতিহ্যের জন্য পরিচিত, এবং টিকা গ্রহণ প্রণোদনায় তার প্রতিফলন থাকা জরুরি," **গভর্নর হোকল বলেন।** "যখন আমরা 90 শতাংশ নিউ ইয়র্কবাসী প্রথম ডোজ নিয়েছে এই মাইলফলক পার করছি, তখন আমাদেরকে টিকা গ্রহণের গতি ধরে রাখতে হবে। টিকা গ্রহণ করে আপনি ঘরের ভেতরে বা বাইরে নিজের সুরক্ষা করতে পারবেন। দেরি করবেন না।"

সুইপস্টেকসে নাম লেখানো 2,000 জনের মধ্য থেকে লটারির মাধ্যমে নির্বাচিত পাঁচজন প্রথম পুরস্কার বিজয়ী তাদের পছন্দ মতো ডিলাক্স মাছ ধরা, শিকার, পাখি দেখার প্যাকেজ নিতে পারবে। প্রত্যেক প্রথম পুরস্কারে থাকবে আজীবন লাইসেন্স এবং সেরা মানের শিকার ও মাছ ধরার সরঞ্জাম। ডিলাক্স পাখি দেখার প্যাকেজে থাকবে স্পটিং স্কোপ, বাইনোকুলার এবং অন্যান্য।

পাশাপাশি, নাম লেখানোদের মধ্যে লটারি করে পাওয়া 25 জন তাদের পছন্দমতো দ্বিতীয় সারির মাছ ধরা বা শিকারের প্যাকেজ নিতে পারবে। এইসব প্যাকেজে থাকবে বার্ষিক লাইসেন্স এবং ছিপ দিয়ে মাছ ধরা, তীর দিয়ে শিকার, রাইফেল দিয়ে শিকার এবং টার্কি শিকারের নির্দিষ্ট সরঞ্জাম। নবিস পাখি দেখার প্যাকেজে থাকবে বাইনোকুলার, বার্ডফিডার, পাখিকে খাওয়ানোর বিচি এবং আই বার্ড নিউ ইয়র্ক (I Bird NY) পণ্য।

সুইপস্টেকসে নাম লেখানো প্রথম 2,000 জনের সকলেই নিউ ইয়র্কের সারাটোগায় ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation, DEC) কর্নেল উইলিয়াম এফ. ফক্স মেমোরিয়াল ট্রি নার্সারি (Colonel William F. Fox Memorial Tree Nursery) থেকে একটি গাছের চারা পাবে, এবং তাদের পছন্দমতো মুখ্য একটি ক্রীড়া পণ্য বিক্রেতার গিফট কার্ড বা DEC ক্যাম্প গ্রাউন্ডে বিনামূল্যে এক রাত ক্যাম্পিং করার সুযোগ পাবে। পাশাপাশি, সুইপস্টেকসে নাম লেখানো সকলেই এক বছরের জন্য DEC-র কনজারভেশনিস্ট ম্যাগাজিনের (Conservationist Magazine) সাবস্ক্রিপশন পাবে, যা বর্তমানে প্রকাশের 75 বছর পূর্তি উদযাপন করছে।

**DEC-র কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "আরো নিউ ইয়র্কবাসী যাতে টিকা গ্রহণের মাধ্যমে তাদের নিজেদের, নিজের পরিবার ও নিজের সম্প্রদায়কে সুরক্ষিত রাখতে পারে গভর্নর হোকলের সেই প্রচেষ্টায় সমর্থন করতে পেরে DEC গর্বিত। নিউ ইয়র্কে আছে প্রকৃতিতে বিনোদন, বিশেষ করে শিকার, মাছ ধরা ও পাখি দেখার বিশ্বমানের সুযোগ। প্রকৃতিতে একটি অ্যাডভেঞ্চারের জন্য আপনার টিকা নিন সুইপস্টেকসটি আরো নিউ ইয়র্কবাসীকে ঘরের বাইরে প্রকৃতিতে নিয়ে যেতে এবং একই সাথে শিকারি বা ছিপ দিয়ে মাছ ধরতে ইচ্ছুকদের টিকা গ্রহণে উৎসাহিত করে।"

সুইপস্টেকসে কিভাবে নাম লেখাতে হবে সে ব্যাপারে 1 ডিসেম্বর থেকে DEC ওয়েবসাইটে ([www.dec.ny.gov](http://www.dec.ny.gov)) তথ্য পাওয়া যাবে। সকল উপযুক্ত, টিকা গ্রহণকৃত নাম লেখানো ব্যক্তিকে নিউ ইয়র্ক স্টেটের শিকার বা মাছ ধরার লাইসেন্স পাওয়ার প্রয়োজ্য সকল আবশ্যিকতা মানতে হবে, যার মধ্যে রয়েছে আবশ্যিক শিকার শিক্ষার (Hunter Education) কোর্স শেষ করা ও অন্যান্য নিয়ম। আরো তথ্যের জন্য, ভিজিট করুন [হান্টিং লাইসেন্সেস - নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন](#) এবং [ফিশিং লাইসেন্সেস - নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন](#)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418